

# গুচ্ছ ভর্তিতে আবেদনের সময় বাড়ল


অনলাইন ডেস্ক

১৫ মার্চ, ২০২৫ ১৭:৫৬

শেয়ার

অ +

অ -



প্রতীকী ছবি

২০২৪-২৫ শিক্ষাবর্ষের জিএসটি গুচ্ছভুক্ত ১৯টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভর্তির আবেদনের সময়সীমা বাড়ানো হয়েছে।

আজ শনিবার দুপুরে গুচ্ছভুক্ত ১৯ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সভায় নেওয়া সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ১৭ মার্চ পর্যন্ত ভর্তীচ্ছুরা আবেদন করতে পারবেন।

জিএসটি গুচ্ছ ভর্তি পরীক্ষা আয়োজক কমিটির আহ্বায়ক এবং মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আনোয়ারুল আজীম আখন্দ এ তথ্য নিশ্চিত করেন।

তিনি বলেন, ‘শিক্ষার্থীদের কথা চিন্তা করে গুচ্ছ ভর্তি পরীক্ষার আবেদনের সময় আরো দুই দিন বাড়ানো হয়েছে।

আগামী ১৭ মার্চ রাত ১২টা পর্যন্ত ভর্তীচ্ছুরা আবেদন করতে পারবেন।’

আবেদনের বিস্তারিত তথ্য জিএসটি গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট [www.gstadmission.ac.bd](http://www.gstadmission.ac.bd) ও গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ওয়েবসাইটে পাওয়া যাবে।